



আবুধাবিতে লজ্জার রেকর্ড, হোয়াইটওয়াশে সিরিজ শেষ বাংলাদেশের



সংগৃহীত ছবি

ধবলধোলাই এড়ানোর শেষ সুযোগও কাজে লাগাতে পারল না বাংলাদেশ। আফগানিস্তানের বিপক্ষে তৃতীয় ওয়ানডেতে ২৯৪ রানের বিশাল টার্গেট তাড়া করতে নেমে মাত্র ৯৩ রানে গুটিয়ে গেছে মিরাজরা। এতে ওয়ানডে ফরম্যাটে আবুধাবিতে বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড় রানের ব্যবধানের হারে সিরিজ শেষ হলো ৩-০ তে। আবুধাবির শেখ জায়েদ স্টেডিয়ামে মঙ্গলবার (১৪ অক্টোবর) অনুষ্ঠিত তৃতীয় ও শেষ ওয়ানডে ম্যাচে টস জিতে আগে ব্যাটিংয়ে নেমে আফগানিস্তান গড়ে ২৯৩ রানের বিশাল সংগ্রহ। ইবরাহিম জাদরান, গুরবাজ ও মোহাম্মদ নবির দারুণ ব্যাটিংয়ে চাপে পড়ে বাংলাদেশ বোলিং লাইনআপ।

জবাবে ব্যাট করতে নেমে শুরু থেকেই ব্যর্থ টাইগাররা। পুরো ইনিংস খামে ২৭.১ ওভারে মাত্র ৯৩ রানে। একমাত্র সাইফ হাসান কিছুটা লড়াই করেন—৫৪ বলে করেন ৪৩ রান। দলের বাকি নয় ব্যাটার কেউই দুই অঙ্কের ঘরে পৌঁছাতে পারেননি। ব্যাটিং ব্যর্থতায় ম্যাচ শেষ হয় লজ্জাজনকভাবে। আফগানিস্তানের পক্ষে বল হাতে তাগব চালান বিলাল সামি—৫ উইকেট নিয়ে গুঁড়িয়ে দেন বাংলাদেশের টপ ও মিডল অর্ডার। স্পিনে রশিদ খান নেন ৩ উইকেট, বাকি দুটি উইকেট ভাগ করে নেন ওমরজাই ও ফিন্ডিংয়ের সৌজন্যে রান আউট।

এর আগে আফগান ইনিংসে ওপেনিং জুটিতেই আসে ৯৯ রান। গুরবাজ করেন ৫৮ রান, জাদরান খেলেন ৬২ রানের ইনিংস। এরপর মাঝখানে কিছুটা ধস নামলেও শেষ দিকে বাড় তোলেন মোহাম্মদ নবি। শেষ দুই ওভারে একাই করেন ৪৪ রান, তুলে নেন দ্রুতগতির ফিফটি (৩৫ বলে)। তাঁর ইনিংসেই বড় সংগ্রহ দাঁড় করায় আফগানরা। বাংলাদেশের বোলারদের মধ্যে সাইফ হাসান ছিলেন সবচেয়ে কার্যকর—৪ ওভারে মাত্র ৬ রানের বিনিময়ে ৩ উইকেট নেন তিনি। হাসান মাহমুদ ও তানভীর ইসলাম পান দুটি করে উইকেট। অধিনায়ক মেহেদী হাসান মিরাজ ৬৭ রানে ১ উইকেট শিকার করেন।

পুরো সিরিজজুড়ে ব্যাটে-বলে দাপট দেখিয়ে সেরার পুরস্কার জেতেন আফগান অধিনায়ক ইবরাহিম জাদরান। শেষ ম্যাচে ৫ উইকেট নিয়ে ম্যাচসেরা নির্বাচিত হন বিলাল সামি।

আবুধাবির এই হার শুধু পরিসংখ্যানে নয়, আত্মবিশ্বাসেও বড় আঘাত হেনেছে বাংলাদেশ দলের ওপর—ওয়ানডে ইতিহাসে এটি তাদের অন্যতম সবচেয়ে বড় ও লজ্জাজনক পরাজয়।